গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুন:খনন ও তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৫-০৫-২০২১।
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম পাসম জানান যে, ২৩৩৫৬০.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত। মে, ২০২১ পর্যন্ত প্রকল্প কাজের বাস্তব অগ্রগতি ১১.৬০% এবং আর্থিক অগ্রগতি ৪.৮৩%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের প্রি-ওয়ার্ক এবং পোস্ট ওয়ার্ক সম্পাদনের জন্য IWM এর সাথে নেগোসিয়েশন হয়েছে। IWM এর সাথে দ্রুত চুক্তি সম্পাদিত করা হবে এবং এ সংক্রান্ত ব্যয় প্রকল্পের বাজেট বরাদ্দ থেকে নির্বাহ করা হবে। তিনি আরও জানান যে, প্রকল্পটি জুন ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হলে ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। লেঃ কর্ণেল ও প্রকল্প পরিচালক জানান যে, IWM দ্বারা সার্ভে কার্য সম্পাদনের সময় নদী সিস্টমের Flood Plain area নির্ধারণ করা হলে দীর্ঘ মেয়াদী সুফল পাওয়া সম্ভব হবে। এ বিষয়ে সভাপতি IWM দ্বারা সার্ভে কার্য সম্পাদনের সময় নদী সিস্টেমটির tributary/distributary সার্ভে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। সভায় সভাপতি ড্রেজিংকৃত মাটি ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। নদীর দুইপাশে অবস্থিত নীচু এলাকা ও খাসজমি ড্রেজিংকৃত মাটি/বালি দ্বারা ভরাট করে ভূমি পুনরূদ্ধার করার ব্যবস্থা নেয়ার পরামর্শ দেন। উদ্ধারকৃত জমি ডিজাইন প্রণয়নপূর্বক জিও ব্যাগ দ্বারা বাঁধ দিয়ে যথাযথভাবে সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন এবং পুনরুদ্ধারকৃত ভূমি পরিমাপ করে পয়স্থি জমি হিসেবে খাস খতিয়ানভূক্ত করার ব্যবস্থা নিতে হবে যা পরবর্তীতে কোন সরকারি কাজে ব্যবহার করা সম্ভব হবে। কোথাও ভূমি পুনরূদ্ধার করা সম্ভব না হলে জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ড্রেজড ম্যাটেরিয়াল নিলাম করতে হবে। তিনি জেলা প্রশাসক, বগুড়া, জেলা প্রশাসক, সিরাজগঞ্জসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রকল্পের ২১৭.০০ কি: মি: এলাকা পরিদর্শন করার আগ্রহ প্রকাশ করেন। এছাড়াও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দ, স্থানীয় প্রশাসন এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে দিনব্যাপী একটি ওয়ার্কশপ আয়োজনের পরামর্শ প্রদান করেন।	(ক) জুন ২০২২ এর মধ্যে প্রকল্পটি সমাপ্ত করার নিমিত্ত ২০২১-২০২২ অর্থ বছরে প্রয়োজনীয় বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) ড্রেজিং কাজের প্রি-ওয়ার্ক এবং পোস্ট ওয়ার্ক সম্পাদনের জন্য IWM এর দ্রুত চুক্তি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) ড্রেজড ম্যাটেরিয়াল ডাম্পিং এর মাধ্যমে নীচু জমিতে জিও ব্যাগ দ্বারা বাঁধ দিয়ে ভূমি পুনরুদ্ধার করতে হবে। (ঘ) প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যগণ, স্থানীয় প্রশাসন এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় সুবিধাজনক ভেন্যুতে ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ক) পরিকল্পনা উইং, পাসম। (খ) প্রকল্প পরিচালক, বাপাউবো ও IWM। (গ) প্রকল্প পরিচালক, বাপাউবো ও বাংলাদেশ সেনাবাহিনী। (ঘ) প্রকল্প পরিচালক, বাপাউবো ও বাংলাদেশ সেনাবাহিনী।

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৭.১৪.০৩৩.১৮-২৩৮

তারিখ: ৩ আষাঢ় ১৪২৮
১৭ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুন:খনন ও তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্প, উত্তর-পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১৫) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুন:খনন ও তীর সংরক্ষণ প্রকল্প" শীর্ষক প্রকল্প, ২৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬) উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) উপসচিব (পরিকল্পনা-১), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বগুড়া।
২৩) নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
২৪) নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।
২৫) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া